#দৃষ্টি_আকর্ষন ১
মুভ ফাউন্ডেশন নিয়ে কিছু গুরুত্বপূর্ণ কথা। সকলে দয়া করে মনযোগ দিয়ে পড়বেন।

১) মুভ ফাউন্ডেশনের অনুষ্ঠানে যাওয়া সবাই কি মুভের এজেন্ট?

উত্তর – না। যারাই মুভ ফাউন্ডেশনের অনুষ্ঠানে গেছে তারা সবাই মুভের এজেন্ট না। অনেকে মুভের ব্যাপারে বিস্তারিত না জেনে এক-দু বার এসব অনুষ্ঠানে গেছে। তাই কোন অনুষ্ঠানে কারো অংশগ্রহণের ছবি থাকলেই তাকে মুভের এজেন্ট বলা ইনসাফ না। তবে যারা না জেনে এসব অনুষ্ঠানে গেছেন তাদের দায়িত্ব হল এখন নিজেদের অবস্থান পরিষ্কার করা। তাওবাহ করা। মুভের এজেন্ডার সাথে সম্পর্কহীনতার ঘোষণা দেওয়া। আর কখনো মুভের অনুষ্ঠানে না যাওয়ার ঘোষণা দেওয়া। এবং মুভের ব্যাপারে অন্যদের সতর্ক করা।

তবে মনে রাখবেন, বাস্তবতা উন্মোচিত হওয়ার পর এখন যারা মুভের পক্ষে কথা বলবে, তারা নিঃসন্দেহে মুভের এজেন্ট।
।
২) মুভের এজেন্ট তাহলে কাদের বলা হবে?

উত্তর – যারা মুভের স্বীকৃত কর্মচারী। যারা দীর্ঘদিন ধরে নিয়মিত মুভের অনুষ্ঠানে অংশগ্রহণ করেছে। যারা মুভের অনুষ্ঠানে অন্যদের নিয়ে গেছে। যার মুভের হয়ে নেটওয়ার্কিং করেছে। যারা মুভের সাফাই গেয়েছে।
।
৩। না জেনে যারা মুভের অনুষ্ঠানে গেছে তারা কি সম্পূর্ন নির্দোষ?

উত্তর – না তারা সম্পূর্ণ নির্দোষ না। যদি কেউ বিজেপি কিংবা জায়নবাদীদের আয়োজন করা কোন সেমিনারে যায় তাহলে কি সে নির্দোষ? হয়তো সে মুভের এজেন্ডা পোষন করে না। কিন্তু তার তো দায়িত্ব ছিল কোথায় যাচ্ছে, কাদের সাথে বসছে সেটা বিবেচনা করা। মুভের প্রতিটি অনুষ্ঠানের ব্যানারে কানাডা, আমেরিকা, জার্মানি, কোন না কোন ক্রুসেডার দেশের সিল দেয়া থাকে। মুভের সাইটে তাদের দেশী-বিদেশী পার্টনারদের কথা লেখা আছে। সেগুলো কারো চোখে পড়েনি? কারো মনে প্রশ্ন জাগেনি?

ইসলাম বিকৃত করা, আধুনিকায়ন আর সেকুলারিজমের শিক্ষা দেওয়ার বিষয়ে তথ্যাবলী তাদের সাইটেই আছে। অনুষ্ঠানে যাওয়ার আগে এগুলো এক নজর দেখে নেওয়া তো কঠিন না। মুভ নিয়ে এতো তর্কবিতর্ক আজ ৩ বছর ধরে চলছে। মুভের বিরুদ্ধে গুরুতর অনেক অভিযোগ এসেছে। এই সময়ে একবারো কি তাদের সময় হয়নি মুভের প্রকৃত পরিচয় নিয়ে ৩০ মিনিট সময় দেওয়ার?

যেকোন বিবেকবান সৎ মানুষের তো এক্ষেত্রে মনে হওয়ার কথা যে আসল বাস্তবতা কি চেক করে দেখি।

কিন্তু এসব অনুষ্ঠানে গিয়ে বীরদর্পে ছবি তোলা লোকেরা এতোদিন এটা নিয়ে বিন্দুমাত্র চিন্তিত ছিল না। আজকে নিজেদের ছবি আসার পর টনক নড়েছে? হ্যা, তারা সবাই এজেন্ট না। তবে

অবশ্যই তারা এই দিক দিয়ে দোষী। এবং এই দোষ স্বীকার করে তাদের প্রকাশ্যে ক্ষমা চাওয়া উচিৎ
।
৪) মুভের বিরুদ্ধে কি প্রপাগান্ডা বা মিথ্যা প্রচারণা হচ্ছে?

উত্তর – মুভের বিরুদ্ধে যা কিছু বলা হচ্ছে সেগুলো তাদের নিজেদের কথা, লেখা, বক্তব্য থেকে নেওয়া। মুভের প্রতিষ্ঠাতা যে ১০ বছরের বেশি সময় ধরে বিশ্ব কুফরের মাথা আমেরিকার স্বরাষ্ট্র মন্ত্রনালয়ের সাথে কাজ করছে, এটা সে নিজেই বিভিন্ন সাইটে লিখেছে। মুভের উদ্দেশ্য সম্পর্কে সব কথা আনা হয়েছে তাদের বক্তব্য থেকেই। এখানে মিথ্যা প্রচারণার কোন জায়গাই নেই। দরকার হলে নিজে যাচাই করে দেখান।

এতো তথ্য-প্রমান দেওয়ার পর যে বলবে ‘মুভের বিরুদ্ধে মিথ্যা প্রচারণা হচ্ছে’ – ধরে নিবেন যে সে হয় মুভের গোলাম অথবা নিজের নফসের গোলাম।
।
৫) মুভের ব্যাপারে আমাদের কী করণীয়?

উত্তর – মুভের বাস্তবতা সংক্রান্ত ভিডিওগুলো ভাইরাল করুন। বেশি বেশি শেয়ার করুন। ডাউনলোড করে রাখুন। নিজেদের পরিচিতদের দেখান। তাদের বুঝান। পরিচিত আলিমদের কাছে যান। তাদের বুঝান। এর বিরুদ্ধে জনমত গড়ে তুলুন। মুরুব্বীদের কাছে ভিডিও নিয়ে যান। কাউকে ভিডিও দেখাতে না পারলে লিখিত আকারে নিয়ে যান।
।
ভিডিও লিঙ্ক ১ - https://www.youtube.com/watch?v=kKAiX_z3rF8
ভিডিও লিঙ্ক ২ - https://www.youtube.com/watch?v=D2hRjOMmAQI